

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

(কাস্টমস ও মূল্য সংযোজন কর)

প্রজ্ঞাপন

তারিখ : ১৯ জ্যৈষ্ঠ, ১৪২৩ বঙ্গাব্দ/২ জুন, ২০১৬ খ্রিস্টাব্দ

এস.আর.ও. নং ১৬২-আইন/২০১৬/২৪/কাস্টমস।- Customs Act, 1969 (Act No. IV of 1969) এর section 19 এর sub-section (1) এবং মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, এই বিভাগের ২১ জ্যৈষ্ঠ ১৪২২ বঙ্গাব্দ মোতাবেক ৪ জুন ২০১৫ খ্রিস্টাব্দ তারিখের প্রজ্ঞাপন নং এস,আর,ও ১৪৫-আইন/২০১৫/২৫/কাস্টমস এর নিম্নরূপ সংশোধন করিল, যথা :-

উপরি-উক্ত প্রজ্ঞাপনের ‘শর্তাবলী’ এর শর্ত নং (৪) এ উল্লিখিত “যাচাইপূর্বক সংশ্লিষ্ট কাস্টমস স্টেশনের কমিশনার” শব্দগুলির পরিবর্তে “যাচাইপূর্বক পণ্যচালান আমদানির ৬ (ছয়) মাসের মধ্যে সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কাস্টমস স্টেশন এর কমিশনার” শব্দগুলি, সংখ্যা ও বন্ধনি প্রতিস্থাপিত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

(মোঃ নজিবুর রহমান)

সিনিয়র সচিব।